গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
(www.bkkb.gov.bd)

**বিষয়: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৫৯তম সমন্বয় সভার কার্যবিবরণী**

সসভাপতি : ড. মোহাম্মদ আবদুল লতিফ
মহাপরিচালক (গ্রেড-১), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
সভার তারিখ : ২৮ জুন ২০২৬
সময় : সকাল ১১:০০ টায়
স্থান : বোর্ডের সভাকক্ষ

উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে ২৩ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত ৫৮তম সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী বা আপত্তি না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য উপপরিচালক (প্রশাসন)-কে আহবান জানান। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| **২.১** | দিলকুশা বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (বিকেকেবি) ভবন নির্মাণ-শীর্ষক প্রকল্প | পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার সিদ্ধান্ত এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের কতিপয় পর্যবেক্ষণ অন্তর্ভুক্ত করে পুনর্গঠিত ডিপিপি ২০ নভেম্বর ২০২৫ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। প্রকল্পটি দ্রুততম সময়ে অনুমোদন করে পরিকল্পনা কমিশনে প্রেরণের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। এ বিষয়ে সভায় উল্লেখ করা হয় যে, ভবন নির্মাণের জন্য প্রস্তাবিত জমিতে কর্মচারীদের পরিবহনের জন্য ব্যবহৃত বোর্ডের বাসগুলো রাখা হয় এবং রুটিন মেরামত করা হয়। তাই ভবন নির্মাণ কাজ শুরু করার পূর্বেই বোর্ডের গাড়ি রাখার স্থানের ব্যবস্থা করা প্রয়োজন। | (ক) ডিপিপি দ্রুততম সময়ের মধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করার বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে;<br>(খ) বাংলাদেশ সচিবালয়ের নিকটবর্তী সুবিধাজনক স্থানে জমি বরাদ্দ/ব্যবস্থা করার জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং বিভাগীয় কমিশনার, ঢাকাকে পত্র প্রেরণ করতে হবে;<br>(গ) অস্থায়ীভিত্তিতে বোর্ডের বাসগুলো রাখার ব্যবস্থা করার জন্য বিআরটিসি চেয়ারম্যানকে পত্র প্রেরণ করতে হবে। | (ক) পরিচালক (উন্নয়ন);<br>(খ) উপপরিচালক (উন্নয়ন) |
| ২.২ | মতিঝিল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারের স্থানে ১৫তলা বিশিষ্ট "মতিঝিল বিকেকেবি কল্যাণ ভবন নির্মাণ" | "মতিঝিল বিকেকেবি কল্যাণ ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পের জনবল নির্ধারণ ও ব্যয় প্রাক্কলনের সম্মতি জ্ঞাপনের নিমিত্ত অর্থ বিভাগে প্রকল্পটি প্রক্রিয়াধীন আছে। সভায় জানানো হয় যে, মতিঝিলে অবস্থিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারটি অত্যন্ত ঝুঁকিপূর্ণ অবস্থায় আছে। বিশেষ করে দোতলায় অবস্থিত প্রশিক্ষণ কেন্দ্রটি খুবই ঝুঁকিপূর্ণ। সিলিংয়ের প্লাস্টার খসে পড়ছে এবং রডের ট্যাম্পার নষ্ট হয়ে গেছে। অতিদ্রুত মেরামতের ব্যবস্থা করা প্রয়োজন অথবা | (ক) ভবনটি জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ বিবেচনায় তদস্থলে ১৫তলা বিশিষ্ট "মতিঝিল বিকেকেবি কল্যাণ ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পের জনবল নির্ধারণ ও ব্যয় প্রাক্কলনের সম্মতি অতি দ্রুত প্রদানের জন্য অর্থ বিভাগকে অনুরোধপূর্বক ভবন নির্মানের পরবর্তী কাজ দ্রুত করতে হবে;<br>(খ) ভবনটির বিষয়ে (প্রশিক্ষণ | (ক) পরিচালক (উন্নয়ন);<br>(খ) উপপরিচালক (উন্নয়ন) |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | বিকল্প কোন ব্যবস্থা করা প্রয়োজন। তাছাড়া সাব-স্টেশনে টিনের চাল হতে পানি পড়ে। | কেন্দ্রটি কাম কমিউনিটি সেন্টার, ক্লাব ও সাবস্টেশন) দ্রুত একটি প্রতিবেদন প্রদানের জন্য গণপূর্ত অধিদপ্তরকে পত্র দিতে হবে;<br>(ঘ) "মতিঝিল বিকেকেবি কল্যাণ ভবন নির্মাণ" না হওয়া পর্যন্ত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা প্রশিক্ষণ কার্যক্রম চলমান ও নিরাপদভাবে পরিচালনার স্বার্থে প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারের পাশে অবস্থিত বোর্ডের পরিত্যক্ত ক্লাব ভবনটি সংস্কার করতে হবে। | |
| ২.৩ | সরকারি কর্মচারীদের বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) সন্তানদের প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন: | সরকারি কর্মচারীদের বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) সন্তানদের জন্য সেবা ও প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে গাজীপুরের দক্ষিণ পানিসাইল মৌজায় আর এস ৫৪ দাগে ৩.৩৪২৫ এবং আর এস ৫৬ দাগে ০.৩৬০০ একরসহ সর্বমোট ৩.৭০২৫ একর চালা শ্রেণির ভূমি প্রতীকী মূল্যে ১৫/০৬/২০২২ তারিখে বোর্ডকে [দীর্ঘমেয়াদী বন্দোবস্ত লীজ দলিল (রেজিস্ট্রেশন)] প্রদান করা হয়। উক্ত বন্দোবস্তপ্রাপ্ত ভূমি সুরক্ষায় সীমানা প্রাচীর নির্মাণ ও গেট স্থাপন করা প্রয়োজন। আর এস ৫৪ দাগের জমির বিষয়ে মামলা আছে মর্মে জানা যায়। এপ্রেক্ষিতে আর.এস দাগ নং-৫৬ এর ০.৩৬০০ একর জমির উপর গেটসহ সীমানা প্রাচীর নির্মাণ কাজ (PART-C), ডিপোজিট ওয়ার্ক হিসেবে ১৯/০৫/২০২৬ তারিখে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর-কে কাজ করার অনুমোদন দেওয়া হয়। | বন্দোবস্তপ্রাপ্ত ভূমি সুরক্ষার জন্য সীমানা প্রাচীর নির্মাণ ও গেট স্থাপন করার জন্য ডিপোজিট ওয়ার্ক হিসেবে প্রদত্ত কাজ গণপূর্ত অধিপ্তরের মাধ্যমে যাবতীয় কার্যাদি দ্রুত সম্পন্ন করতে হবে। | (ক) পরিচালক (উন্নয়ন);<br>(খ) উপপরিচালক (উন্নয়ন) |
| ২.৪ | চট্টগ্রামের আগ্রাবাদে ২০ তলা বিশিষ্ট বিকেকেবি কল্যাণ ভবন নির্মাণ শীর্ষক প্রকল্প | জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে গঠিত একটি কমিটি চট্টগ্রামের আগ্রাবাদে ২০তলা বিশিষ্ট বিকেকেবি কল্যাণ ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের প্রকল্প স্থান পরিদর্শন করে জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর প্রতিবেদন দাখিল করেন এবং প্রস্তাবিত প্রকল্পের দক্ষিণ পাশের সিজিএস কলোনী এবং আগ্রাবাদ বালিকা বিদ্যালয়ের প্রবেশের রাস্তার জায়গা ছেড়ে দিয়ে বিকেকেবি ভবন নির্মাণের সুপারিশ করে। উক্ত সুপারিশের আলোকে নকশা রিকাস্ট প্রয়োজন। তাছাড়া, জনপ্রশাসন মন্ত্রণালয় উল্লিখিত | (ক) কমিটির সুপারিশের প্রেক্ষিতে ভবনের নকশা রিকাস্ট কার্যক্রম দ্রুত শুরু করতে হবে;<br>(খ) ভবন নির্মাণের জন্য প্রস্তাবিত জমিটি বোর্ডের নামে আনয়নের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করতে হবে। | (ক) পরিচালক (উন্নয়ন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম;<br>(গ) উপপরিচালক (উন্নয়ন) |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | জমিটির মালিকানা বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর নামে হস্তান্তরের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করেছেন। | | |
| ২.৫ | বান্দরবান জেলা শহরে কল্যাণ বোর্ডের ১ (এক) একর জমিতে রেস্টহাউস কাম রিসোর্ট নির্মাণ | বান্দরবান জেলা শহরে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ১ (এক) একর জমিতে রেস্টহাউস কাম রিসোর্ট নির্মাণের লক্ষ্যে জমিতে সীমানা প্রাচীর এবং মালিকানার সাইন বোর্ড স্থাপন করা হয়েছে। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা এর সভাপতিত্বে ২৫/০২/২০২৬ তারিখে সরেজমিনে পরিদর্শনপূর্বক কমিটি কর্তৃক প্রতিবেদন দাখিল করা হয়। উল্লেখ্য, হাইকোর্টে দাখিলকৃত একটি রীটের প্রেক্ষিতে এরূপ সমস্যার উদ্ভব হচ্ছে বিধায় এ বিষয়ে মহামান্য হাইকোর্টে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের পক্ষ থেকে পক্ষভুক্ত হয়ে জোরালোভাবে জবাব প্রদান করা প্রয়োজন। সে প্রেক্ষিতে, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক রীট মামলা ৭১০৫/২০২৫ পরিচালনা ও পক্ষভুক্ত হওয়ার জন্য ১৩/০৪/২০২৬ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে একজন প্যানেল আইনজীবী নিয়োগ করা হয়েছে। | মামলা পরিচালনার পাশাপাশি আদালত কর্তৃক কোনো স্থিতিবস্থা না থাকলে উক্ত ভূমিতে রেস্টহাউস কাম রিসোর্ট নির্মাণের লক্ষ্যে ফিজিবিলিটি স্টাডি করতে হবে। | (ক) পরিচালক (উন্নয়ন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম;<br>(গ) উপপরিচালক (উন্নয়ন) |
| ২.৬ | চট্টগ্রামের নাসিরাবাদে ২১.৪৫ শতাংশ পরিত্যক্ত বাড়ি প্রতীকীমূল্যে স্থায়ীভাবে বরাদ্দ/ক্রয় | পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ড (এপিএমবি) চট্টগ্রাম এর ১৭৮তম সভায় জেলা আবাসন বোর্ড, চট্টগ্রাম এর নিয়ন্ত্রণাধীন চট্টগ্রাম জেলার পাঁচলাইশ থানাধীন পূর্ব নাসিরাবাদ মৌজায় অবস্থিত একতলা বিশিষ্ট তালিকাভুক্ত পরিত্যক্ত বাড়ি নম্বর-৩৫/এ-২, রোড নং-০১ নাসিরাবাদ হাউজিং সোসাইটি, [চট্টগ্রাম (গেজেট পৃষ্ঠা নং- ৯৭৬২ (১০৫), ক্রমিক নং-২১৬, মূল ভবন ২৪৮.৩২ বর্গমিটার, একটি রাস্তা ৮৭.৭০ বর্গমিটার, সীমানা প্রাচীর ১৩২.৭০ বর্গমিটার ও ড্রেন ৪৪.৩৪ বর্গমিটার এবং (বাস্তব জমির পরিমাণ ২১.৪৫ শতাংশ)] এর মূলভবন ও অন্যান্য অবকাঠামোসহ সামগ্রিক সম্পত্তি বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের অনুকূলে ১,০০,০০১/- (এক লাখ এক) টাকা প্রতীকীমূল্যে স্থায়ীভাবে বরাদ্দ/ক্রয় প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এ প্রস্তাবে সম্মতি পাওয়া | চট্টগ্রামের নাসিরাবাদের ২১.৪৫ শতাংশ ভূমি মৌজা রেট অনুযায়ী নির্ধারিত মূল্য ৬,৪৯,১৩,৩৬৭.৮০ (ছয় কোটি উনপঞ্চাশ লক্ষ তেরো হাজার তিনশত সাতষট্টি টাকা আশি পয়সা) টাকায় ক্রয় করতে হবে। | (ক) পরিচালক (উন্নয়ন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম;<br>(গ) উপপরিচালক (উন্নয়ন) |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| | | জমিটির মালিকানা বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর নামে হস্তান্তরের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করেছেন। | | |
| ২.৫ | বান্দরবান জেলা শহরে কল্যাণ বোর্ডের ১ (এক) একর জমিতে রেস্টহাউস কাম রিসোর্ট নির্মাণ | বান্দরবান জেলা শহরে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ১ (এক) একর জমিতে রেস্টহাউস কাম রিসোর্ট নির্মাণের লক্ষ্যে জমিতে সীমানা প্রাচীর এবং মালিকানার সাইন বোর্ড স্থাপন করা হয়েছে। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা এর সভাপতিতে ২৫/০২/২০২৬ তারিখে সরেজমিনে পরিদর্শনপূর্বক কমিটি কর্তৃক প্রতিবেদন দাখিল করা হয়। উল্লেখ্য, হাইকোর্টে দাখিলকৃত একটি রীটের প্রেক্ষিতে এরূপ সমস্যার উদ্ভব হচ্ছে বিধায় এ বিষয়ে মহামান্য হাইকোর্টে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের পক্ষ থেকে পক্ষভুক্ত হয়ে জোরালোভাবে জবাব প্রদান করা প্রয়োজন। সে প্রেক্ষিতে, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক রীট মামলা ৭১০৫/২০২৫ পরিচালনা ও পক্ষভুক্ত হওয়ার জন্য ১৩/০৪/২০২৬ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে একজন প্যানেল আইনজীবী নিয়োগ করা হয়েছে। | মামলা পরিচালনার পাশাপাশি আদালত কর্তৃক কোনো স্থিতিবস্থা না থাকলে উক্ত ভূমিতে রেস্টহাউস কাম রিসোর্ট নির্মাণের লক্ষ্যে ফিজিবিলিটি স্টাডি করতে হবে। | (ক) পরিচালক (উন্নয়ন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম;<br>(গ) উপপরিচালক (উন্নয়ন) |
| ২.৬ | চট্টগ্রামের নাসিরাবাদে ২১.৪৫ শতাংশ পরিত্যক্ত বাড়ি প্রতীকীমূল্যে স্থায়ীভাবে বরাদ্দ/ক্রয় | পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ড (এপিএমবি) চট্টগ্রাম এর ১৭৮তম সভায় জেলা আবাসন বোর্ড, চট্টগ্রাম এর নিয়ন্ত্রণাধীন চট্টগ্রাম জেলার পাঁচলাইশ থানাধীন পূর্ব নাসিরাবাদ মৌজায় অবস্থিত একতলা বিশিষ্ট তালিকাভুক্ত পরিত্যক্ত বাড়ি নম্বর-৩৫/এ-২, রোড নং-০১ নাসিরাবাদ হাউজিং সোসাইটি, [চট্টগ্রাম (গেজেট পৃষ্ঠা নং- ৯৭৬২ (১০৫), ক্রমিক নং-২১৬, মূল ভবন ২৪৮.৩২ বর্গমিটার, একটি রাস্তা ৮৭.৭০ বর্গমিটার, সীমানা প্রাচীর ১৩২.৭০ বর্গমিটার ও ড্রেন ৪৪.৩৪ বর্গমিটার এবং (বাস্তব জমির পরিমাণ ২১.৪৫ শতাংশ)] এর মূলভবন ও অন্যান্য অবকাঠামোসহ সামগ্রিক সম্পত্তি বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের অনুকূলে ১,০০,০০১/- (এক লাখ এক) টাকা প্রতীকীমূল্যে স্থায়ীভাবে বরাদ্দ/ক্রয় প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এ প্রস্তাবে সম্মতি পাওয়া | চট্টগ্রামের নাসিরাবাদের ২১.৪৫ শতাংশ ভূমি মৌজা রেট অনুযায়ী নির্ধারিত মূল্য ৬,৪৯,১৩,৩৬৭.৮০ (ছয় কোটি উনপঞ্চাশ লক্ষ তেরো হাজার তিনশত সাতষট্টি টাকা আশি পয়সা) টাকায় ক্রয় করতে হবে। | (ক) পরিচালক (উন্নয়ন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম;<br>(গ) উপপরিচালক (উন্নয়ন) |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | যায়নি। সে প্রেক্ষিতে বোর্ডের ৪০ তম সভায় মৌজা মূল্যে প্রস্তাব প্রেরণের জন্য বিভাগীয় কমিশনার, চট্টগ্রামকে অনুরোধ জানানো হলে হলে জমিটির মৌজা রেট ২০২৫ অনুযায়ী জমির মূল্যসহ মোট প্রাক্কলিত মূল্য ৬,৪৯,১৩,৩৬৭.৮০/-(ছয় কোটি উনপঞ্চাশ লক্ষ তেরো হাজার তিনশত সাতষট্টি টাকা আশি পয়সা) নির্ধারণ করা হয় এবং স্থায়ী বরাদ্দের লক্ষ্যে বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম কর্তৃক সুপারিশসহ প্রস্তাব ০৩/০৬/২০২৬ তারিখে সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ কর হয়েছে। | | |
| ২.৭ | বোর্ডের আয় বৃদ্ধির লক্ষ্যে বরিশালে ভবন কাম কমিউনিটি সেন্টার নির্মাণ | বরিশাল সদরের লুকাস কম্পাউন্ডে ০.৩৩ শতাংশ জমির পরিবর্তে বরিশাল সিটি কর্পোরেশনের আওতাধীন বরিশাল-তালতলি-শায়েস্তাবাদ সড়কের সরকারি হাঁস মুরগীর খামার সংলগ্ন জে.এল, ৪৮ নং আমানতগঞ্জ মৌজার এস.এ. ১ নং খাস খতিয়ানভুক্ত ৭৯৫ নং দাগের ২.০০ (দুই) একর জমি বরাদ্দের জন্য ভূমি মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। ভূমি মন্ত্রণালয় হতে ১৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে সরকারি জমি বিক্রয় /হস্তান্তরের ক্ষেত্রে বিশেষভাবে ব্যতিক্রমধর্মী পরিস্থিতি ব্যতিরেকে প্রতীকীমূল্যে বন্দোবস্ত প্রদানের বিষয়টি নিরুৎসাহিত করায় প্রস্তাবটি ভূমি মন্ত্রণালয় হতে না-মঞ্জুর করে কেস নথি ফেরৎ প্রদান করা হয়েছে। পুনরায় প্রতীকীমূল্যে বন্দোবস্ত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় কমিশনার, বরিশাল ও জেলা প্রশাসক, বরিশাল-কে অনুরোধ করা যেতে পারে। | বর্ণিত জমিটি পুনরায় প্রতীকী মূল্যে বন্দোবস্ত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় কমিশনার, বরিশাল ও জেলা প্রশাসক, বরিশাল-কে পত্র প্রেরণ করতে হবে। | (ক) পরিচালক (উন্নয়ন);<br>(খ) পরিচালক. বরিশাল;<br>(গ) উপপরিচালক (উন্নয়ন) |
| ২.৮ | পটুয়াখালী জেলার কুয়াকাটায় রেস্টহাউজ কাম রিসোর্ট নির্মাণের জন্য ভূমি বরাদ্দের ব্যবস্থা | পটুয়াখালী জেলার কুয়াকাটায় প্রস্তাবিত ০.৬৯ একর খাস জমিতে রেস্টহাউজ কাম রিসোর্ট নির্মাণের জন্য রেস্টহাউজ কাম রিসোর্ট নির্মাণের জন্য নিষ্কন্টক জমি চূড়ান্তভাবে নির্বাচন ও এর উপযোগিতা নির্ণয়ের জন্য বিভাগীয় কমিশনার বরিশাল ও জেলা প্রশাসক, পটুয়াখালী এর প্রতিনিধি এবং বোর্ডের বরিশালের পরিচালক এর সমন্বয়ে ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি সরেজমিন পরিদর্শনপূর্বক কুয়াকাটা মৌজায় জেএল নং ৫৭, খতিয়ান-১ এর দাগ নং ৪২৬৬, ৪২৬৭, | প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির পর জমিটি কর্মচারী কল্যাণ বোর্ডের অনুকূলে বরাদ্দ প্রদানের কার্যক্রম গ্রহণের জন্য বিভাগীয় কমিশনার, বরিশাল ও জেলা প্রশাসক, পটুয়াখালীকে পত্র প্রেরণ করতে হবে। | (ক) পরিচালক, বিভাগীয় কার্যালয়, বরিশাল;<br>(খ) উপপরিচালক (উন্নয়ন) |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ৪২৬০ এ মোট ৮০ শতাংশ জমি বোর্ডের রেস্ট হাউজ কাম রিসোর্ট নির্মাণের জন্য সুপারিশ করে জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর ২৪ মে ২০২৬ তারিখ প্রতিবেদন প্রেরণ করেছেন। | | |
| ২.৯ | মাসিক কল্যাণভাতার রিকোনসাইলকরণ সংক্রান্ত | সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার কোন কর্মকর্তা/ কর্মচারী অক্ষম হলে এবং কর্মরত অবস্থায় মৃত্যুবরণ করলে তাঁর পরিবারকে সর্বোর্চ্চ ১৫ (পনের) বছর এবং চাকরিজীবী অবসর প্রাপ্তির ১০ বছর অতিক্রান্ত হওয়ার পূর্বে (সর্বোর্চ্চ ৬৯ বছর বয়স পর্যন্ত) মৃত্যুবরণ করলে মৃত্যুর তারিখ থেকে ১০ বছরের অবশিষ্ট সময় পর্যন্ত ০১ জুলাই ২০১৯ তারিখ থেকে ২,০০০/- (দুই হাজার) টাকা এবং ১৯ আগস্ট ২০২৫ তারিখ থেকে ৩,০০০/- (তিন হাজার) হারে ধারাবাহিকভাবে মাসিক কল্যাণ ভাতা প্রদান করা হচ্ছে। কল্যাণ ভাতার কার্ডের মেয়াদ সর্বোর্চ্চ ১৫ বছর। কাজেই যে সকল কার্ডের মেয়াদ উত্তীর্ণ হয়েছে সে সকল মেয়াদ উত্তীর্ণ কার্ড ব্যাংক থেকে সংগ্রহপূর্বক রিকোনসাইল প্রক্রিয়া সম্পন্নপূর্বক রির্পোট প্রধান কার্যালয়ে প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সকল মেয়াদ উত্তীর্ণ কার্ড সংগ্রহপূর্বক প্রধান কার্যালয়ে রির্পোট প্রেরণ করতে হবে। | (ক) পরিচালক (প্রশাসন),<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| ২.১০ | ওয়েবসাইট হালনাগাদকরণ কার্যক্রম | প্রধান কার্যালয়ের ওয়েবসাইটে তথ্য হালনাগাদকরণসহ বিভাগীয় কার্যালয়সমূহের ওয়েবসাইটের সকল মেনু ও সেবাবক্সের সকল লিংক নিয়মিত ও সঠিকভাবে হালনাগাদ করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। বোর্ডের যে সকল বিভাগীয় কার্যালয়ে আইটি জ্ঞানসম্পন্ন জনবল নেই সে সকল বিভাগীয় কার্যালয়ের ওয়েবসাইটে সকল মেনু ও সেবাবক্সের সকল লিংক নিয়মিত ও সঠিকভাবে হালনাগাদকরণের নিমিত্ত প্রধান কার্যালয়ের আইটি শাখাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণের বিষয়ে সভায় আলোকপাত করা হয়। | (ক) প্রধান কার্যালয়ের ওয়েবসাইট প্রতিনিয়ত হালনাগাদ করতে হবে;<br><br>(খ) যে সকল বিভাগীয় কার্যালয়ে আইটি জ্ঞানসম্পন্ন জনবল নেই সে সকল বিভাগীয় কার্যালয়ের ওয়েবসাইটে সকল মেনু ও সেবাবক্সের সকল লিংক নিয়মিত ও সঠিকভাবে হালনাগাদকরণে প্রধান কার্যালয়ের আইটি শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;<br><br>(গ) বিভাগীয় কার্যালয়ের ওয়েবসাইট প্রতিনিয়ত হালনাগাদপূর্বক প্রতিমাসে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | (ক) পরিচালক (প্রশাসন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল);<br>(গ) সিস্টেম এনালিস্ট |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.১১ | অডিট আপত্তি নিষ্পত্তি | হিসাবরক্ষণ কর্মকর্তা সভায় অবহিত করেন যে, SFI ৪টির মধ্যে প্রগতি ইন্ড্রাস্ট্রিজ লিমিটেড এর গাড়ি ক্রয়ের বিল থেকে ভ্যাট কম কর্তন করায় আপত্তির বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে পত্র প্রেরণের নিমিত্ত নথি উপস্থাপন করা হয়েছে।<br>NSFI ৪টি এবং (AMMS-2.0) সফটওয়্যারে ৭৬টি আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে অডিট অধিদপ্তর এবং বোর্ডের সমন্বয়ে দ্বিপক্ষীয় সভা আহবানের জন্য ০৭/০৫/২০২৬ তারিখ অডিট অফিসে পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া সংশ্লিষ্ট শাখার উপপরিচালক মৌখিকভাবে জানান নথি উপস্থাপন প্রক্রিয়াধীন রয়েছে এবং ঈদের পর সভার সম্ভাব্য তারিখ ও সময় জানানো হবে। ২০২৪-২৫ অর্থবছরের অডিটের চুড়ান্ত রিপোর্টের জন্য আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করা হলে সংশ্লিষ্ট উপপরিচালক জানান তাদের অডিট টিম অন্যান্য অফিসের অডিট কার্যক্রমে ব্যস্ত রয়েছে। চলমান অডিট কার্যক্রম সমাপ্তির পর চূড়ান্ত রিপোর্ট প্রেরণ করা হবে। | (ক) SFI ৪টি আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়, আইটি ও জনসেবা অডিট অধিদপ্তর এবং বোর্ডের সমন্বয়ে ত্রিপক্ষীয় সভা আহবান করতে হবে;<br>(খ) NSFI ৪টি এবং (AMMS-2.0) সফটওয়্যারে অবশিষ্ট ৭৬টি আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে আইটি ও জনসেবা অডিট অধিদপ্তর এবং বোর্ডের সমন্বয়ে দ্বিপক্ষীয় সভা আহবান করতে হবে;<br>(গ) ২০২৪-২৫ অর্থবছরের ব্যয়ের ওপর অডিটের রিপোর্ট প্রাপ্তির পর ব্রডসিট জবাব প্রদান ও নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে | পরিচালক (প্রশাসন) এবং উপপরিচালক (অর্থ ও বাজেট) |
| ২.১২ | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | সভাপতি বোর্ডের কর্মকর্তা/ কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে পূর্বের ধারাবাহিকতায় ২০২৬-২৭ অর্থবছরে অভ্যন্তরীণ প্রশিক্ষণ (In house training) এর লক্ষ্যমাত্রা ৬০ ঘন্টা নির্ধারণপূর্বক প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুতসহ বিভাগীয় কার্যালয়ে প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য প্রধান কার্যালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করেন। | (ক) ২০২৬-২৭ অর্থবছরে কর্মকর্তা/কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (Inhouse training) এর লক্ষ্যমাত্রা ৬০ ঘন্টা নির্ধারণপূর্বক প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করতে হবে;<br>(খ) বিভাগীয় কার্যালয়ে প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | (ক) পরিচালক (প্রশাসন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| ২.১৩ | অভিযোগ প্রতিকার ব্যবস্থা Grievance Redress System (GRS) | বোর্ডের প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়সমূহ Grievance Redress System (GRS) এর সাথে যুক্ত রয়েছে। উক্ত সিস্টেমে প্রাপ্ত অভিযোগ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করা হচ্ছে। বর্তমানে অভিযোগ নিষ্পত্তির হার ১০০%। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডে www.grs.gov.bd সিস্টেমে প্রাপ্ত অভিযোগসমূহ নির্ধারিত সময়ে নিষ্পত্তির ধারাবাহিকতা অব্যাহত রাখার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। | প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়সমূহে www.grs.gov.bd এ প্রাপ্ত অভিযোগ-সমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে। | (ক) পরিচালক (প্রশাসন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| ২.১৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন | সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদ করার বিষয়ে সভায় নির্দেশনা | সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদকরণ এবং | (ক) পরিচালক (প্রশাসন); |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | প্রদান করা হয়। এছাড়া 'বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ কমিটি'র কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। বিভাগীয় কার্যালয়ের সাথে এ বিষয়ে প্রয়োজনে সভা আয়োজনের মাধ্যমে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে। | (খ) পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল);<br>(গ) সিস্টেম এনালিস্ট |
| ২.১৫ | তথ্য অধিকার | তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি এবং স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশ যোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা এবং সকল প্রতিবেদন সঠিকভাবে ওয়েবসাইটে হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (১) তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে;<br>(২) সকল প্রতিবেদন সঠিকভাবে ওয়েবসাইটের সংশ্লিষ্ট সেবাবক্সে আপলোড করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন)<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল),<br>৩। সিস্টেম এনালিস্ট, |
| ২.১৬ | শাখা পরিদর্শন | বোর্ডের প্রধান এবং বিভাগীয় কার্যালয়ের পরিচালকবৃন্দকে শাখাসমূহ নিয়মিত (প্রতি ২ মাস অন্তর) পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া প্রতিবেদন ওয়েবসাইট এ আপলোডসহ মহাপরিচালক বরাবর নিদিষ্ট ছকে উপস্থাপনের প্রতি বিশেষ গুরুত্ব প্রদান করা হয়। | সচিবালয় নির্দেশমালা অনুযায়ী বোর্ডের প্রধান এবং বিভাগীয় কার্যালয়ের পরিচালকবৃন্দকে শাখাসমূহ নিয়মিত (প্রতি ২ মাস অন্তর) পরিদর্শন করে প্রতিবেদন মহাপরিচালক বরাবর নির্দিষ্ট ছকে দাখিল করতে হবে। | (ক) পরিচালক (প্রশাসন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| ২.১৭ | বোর্ড কর্তৃক প্রদেয় বিভিন্ন অনুদানের প্রাপ্ত আবেদন, নিষ্পত্তিকৃত আবেদন ও অনিস্পন্ন আবেদনের তথ্য প্রেরণ | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভিন্ন অনুদানের প্রাপ্ত আবেদন, নিষ্পত্তিকৃত আবেদন, অনিষ্পন্নকৃত আবেদনের হিসাব এবং সেবাখাতের মঞ্জুরিকৃত অর্থের খাতভিত্তিক ব্যয় উল্লেখপূর্বক প্রতিমাসের ৫ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। এছাড়া মাসিক কল্যাণভাতার ব্যয়বিবরণী হিসাব ব্যাংকের সাথে রিকনসাইলপূর্বক প্রতি অর্থবছরে ৩১ ডিসেম্বর ও ৩০ জুন রির্পোট প্রদান করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। অনিষ্পন্ন আবেদনসমূহ দ্রুততম সময়ের মধ্যে বিধি মোতাবেক নিষ্পত্তি করার বিষয়েও অভিমত ব্যক্ত করা হয়। মাসিক সমন্বয় সভার বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদনে নির্ধারিত ছক মোতাবেক অনুদানসমূহের তথ্য প্রেরণের বিষয়ে অবতারণা করা হয়। এছাড়া পুরাতন সফট্ওয়ারে প্রাপ্ত আবেদন নতুন সফট্ওয়ারে দাখিলের জন্য পত্র দেয়ার বিষয়ে অভিমত ব্যক্ত করা হয়। | (ক) সেবাখাতের মঞ্জুরিকৃত অর্থের খাতভিত্তিক ব্যয় উল্লেখপূর্বক প্রতিমাসের ৫ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে;<br><br>(খ) মাসিক সমন্বয় সভার বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদনে নির্ধারিত ছক মোতাবেক অনুদানসমূহের তথ্য প্রেরণ করতে হবে<br>(গ) পুরাতন সফট্ওয়ারে প্রাপ্ত আবেদন নতুন সফট্ওয়ারে দাখিলের জন্য পত্র দিতে হবে। | (ক) পরিচালক (উন্নয়ন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/খুলনা/ বরিশাল |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.১৮ | বোর্ডের বাজেট | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড ২০২৬-২৭ অর্থবছরের বাজেট প্রণয়নের লক্ষ্যে প্রত্যেক বিভাগ বিগত বছরের (২০২৫-২৬) আয়-ব্যয়ের হিসাব এবং চাহিদাসম্বলিত পূর্ণাঙ্গ বাজেটের প্রস্তাব ০৫ জুলাই ২০২৬ তারিখ প্রেরণের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ২০২৬-২৭ অর্থবছরের বাজেট প্রণয়নের লক্ষ্যে প্রত্যেক বিভাগ বিগত বছরের (২০২৫-২৬) আয়-ব্যয়ের হিসাব এবং চাহিদাসম্বলিত পূর্ণাঙ্গ বাজেটের প্রস্তাব ০৫ জুলাই ২০২৬ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | পরিচালক (সকল), বিভাগীয় কার্যালয় |
| ২.১৯ | বিবিধ | (ক) বৈশ্বিক জ্বালানি সরবরাহ ও মূল্যবৃদ্ধি মোকাবিলায় সরকার বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে কৃচ্ছ্রতাসাধন ব্যবস্থা জোরদার করেছে। এছাড়া দিনের বেলায় প্রাকৃতিক আলো ব্যবহার, অপ্রয়োজনীয় লাইট, ফ্যান, এসি বন্ধ রাখা ও এসির তাপমাত্রা ২৫ ডিগ্রী সেলসিয়াস বা তার বেশি রাখাসহ অফিস শেষে সব বৈদ্যুতিক যন্ত্র বন্ধ রাখা, যানবাহন ও জ্বালানি ব্যবহার সীমিত রাখার নির্দেশনা প্রদান করে। সভায় সরকার প্রদত্ত নির্দেশনা প্রতিপালনের বিষয়ে গুরুত্বারোপ করা হয়;<br><br>(খ) নাগরিক সেবা নিশ্চিত করা, প্রশাসনিক শৃঙ্খলা বৃদ্ধি এবং সময়ানুবর্তিতা জোরদার করার উদ্দেশ্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্মকর্তা-কর্মচারীদের প্রতিদিন সকাল ৯:০০টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত নিজ নিজ কর্মস্থলে বাধ্যতামূলকভাবে উপস্থিত থাকা এবং এই সময়ে অনুমোদিত জরুরি কারণ ছাড়া কর্মস্থল ত্যাগ নিরুৎসাহিত করে নির্দেশনা জারি করে। সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নিয়মিত উপস্থিতির বিষয়ে জারিকৃত নির্দেশনাসমূহ প্রতিপালনের বিষয়ে সর্বোর্চ্চ গুরুত্বারোপ করেন;<br><br>(গ) বিভাগীয় কার্যালয় থেকে প্রাপ্ত পত্রের সংখ্যা এবং নিষ্পত্তির সংখ্যার বিবরণ সভায় উপস্থাপনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়;<br><br>(ঘ) স্টাফবাস সার্ভিস কর্মসূচির ই-টিকিটিং এর বকেয়া অর্থ মাসভিত্তিক ভাগ করে আদায়ের বিষয়ে আলাচনা হয়;<br><br>(ঘ) বায়োমেট্রিক সিস্টেমে বোর্ডের প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা ও | (ক) সরকার কর্তৃক জ্বালানি ব্যবহার এবং যানবাহন সংক্রান্ত প্রদত্ত নির্দেশনামালা প্রতিপালন করতে হবে;<br><br>(খ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নিয়মিত উপস্থিতির বিষয়ে জারিকৃত নির্দেশনাসমূহ প্রতি-পালন করতে হবে;<br><br>(গ) বিভাগীয় কার্যালয় থেকে প্রাপ্ত পত্রের সংখ্যা এবং নিষ্পত্তির সংখ্যার বিবরণ সভায় উপস্থাপন করতে হবে;<br><br>(ঘ) স্টাফবাস সার্ভিস কর্মসূচির ই-টিকিটিং এর বকেয়া অর্থ মাসভিত্তিক ভাগ করে আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঘ) সকল কর্মকর্তা ও কর্মচারীকে বায়োমেট্রিক | (ক) পরিচালক (প্রশাসন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/খুলনা/ বরিশাল/ সিলেট/ রংপুর/ময়মনসিংহ |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | কর্মচারীকে সকাল ৯:০০ টায় হাজিরা প্রদান এবং সকাল ৯:৩০ টায় প্রিন্ট কপি মহাপরিচালক মহোদয়ের নিকট উপস্থাপনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।<br><br>(ঙ) নির্ধারিত সময়ের মধ্যে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) প্রণয়নের বিষয়ে সভায় মতামত ব্যক্ত করা হয়। | সিস্টেমে সকাল ৯:০০ টায় হাজিরা প্রদান এবং সকাল ৯:৩০ টায় প্রিন্ট কপি মহাপরিচালকের নিকট উপস্থাপন নিশ্চিত করতে হবে;<br><br>(ঙ) নির্ধারিত সময়ের মধ্যে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) প্রণয়ন করতে হবে। | |

৩। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(ড. মোহাম্মদ আবদুল লতিফ)
মহাপরিচালক (গ্রেড-১)